দৈনিক সংবাদ

MAY 22 2002

আলিম-ফাজিল পরীক্ষা

# ৬২ জন ছাত্রছাত্রী ও ৪ জন শিক্ষক বহিষ্কৃত, গ্রেফতার ২

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** মঙ্গলবার মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম-ফাজিল পরীক্ষায় সারাদেশে ৬২ জন ছাত্রছাত্রী বহিষ্কৃত হয়েছে। এছাড়া নকলে সহযোগিতার জন্য ৪ শিক্ষকও বহিষ্কৃত এবং গ্রেফতার হয়েছে ২ জন। মঙ্গলবার আরবি সাহিত্য পরীক্ষা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার এইচএসসি পরীক্ষার কোন পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। শুধু মাদ্রাসা বোর্ডের আলিম-ফাজিল পরীক্ষা অনুষ্ঠিত হয়। রংপুরের পীরগঞ্জে একটি কেন্দ্রে অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া গেছে। দেশের অন্য কোথাও বিশৃঙ্খলার খবর পাওয়া যায়নি।

**পীরগঞ্জ (রংপুর) থেকে সংবাদদাতা ঃ** মঙ্গলবার আলিম-ফাজিল পরীক্ষায় তৃতীয় দিন জাফরপাড়া পরীক্ষা কেন্দ্রে ম্যাজিস্ট্রেটের হাতে ৩ জন বহিষ্কৃত পরীক্ষার্থী প্রহৃত হয়েছে। ওই ঘটনার পর শ'শ' লোক কেন্দ্র ঘেরাও করে। জনরোষের

**পরীক্ষা ঃ** পৃঃ ২ কঃ ৩

## পরীক্ষা ঃ আলিম-ফাজিল

( ১২ পৃষ্ঠার পর )

খে জাফরপাড়া অধ্যক্ষের গাড়িতে ওই ্যাজিস্ট্রেট এ. কে. এম আমিনুর রহমান কৌশলে পালিয়ে প্রাণে বাঁচেন। এর আগে কাশ্যে ধূমপানের জন্য জাফরপাড়া াজিল মাদ্রাসার অধ্যক্ষ আবু নছর মো. ামসুল ইসলাম কর্তৃক লাঞ্ছিত হয়েছেন ায়িত্বরত ম্যাজিস্ট্রেট এ. কে. এম আমিনুর হমান। তাকে অধ্যক্ষের কক্ষ থেকে বের করে দেয়া হয়। প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, বহিষ্কৃত ৩ পরীক্ষার্থী ক্ষমা চাইতে গেলে ম্যাজিস্ট্রেট অশ্রাব্য ভাষায় গালিগালাজ ও কিল-ঘুসি মারে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। এ কেন্দ্রে পরীক্ষার্থীদের নকল না ধরার অপরাধে ৪ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

**চাটমোহর (পাবনা) থেকে সংবাদদাতা ঃ** মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম-ফাজিল পরীক্ষায় মঙ্গলবার আরবি সাহিত্য পরীক্ষায় চাটমোহর কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ১১ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা শিশির কুমার রায়, সহকারী কমিশনার (ভূমি) মঞ্জুরুর রহমান ও ছাত্রী উপ-বৃত্তির প্রজেক্ট ম্যানেজার শাহাদৎ হোসেন পরীক্ষা কেন্দ্রে সার্বক্ষণিক দায়িত্ব পালন করেন। মঙ্গলবার পরীক্ষা চলাকালীন প্রচণ্ড গরমে ৩ পরীক্ষার্থী জ্ঞান হারায়।

**লক্ষীপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** মঙ্গলবার মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষা চলাকালীন লক্ষীপুর সরকারি কলেজ কেন্দ্রে বাহারউদ্দিন নামে এক পরীক্ষার্থীকে কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের নির্দেশে পুলিশ গ্রেফতার করে।

**নিজস্ব সংবাদদাতা, যশোর অফিস ঃ** মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষায় কেশবপুর আলিয়া মাদ্রাসা কেন্দ্রে ফটোকপি করে প্রশ্নপত্র বিলি করতে হয়েছে।

মঙ্গলবার বিজ্ঞান পরীক্ষায় ওই কেন্দ্রে ১০টি প্রশ্নপত্র কম আসে। স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা ব্যাংক থেকে ৬০টি প্রশ্নের সেট নিয়ে গেলেও তাতে ১০টি কম পাওয়া যায়। পরে সংশ্লিষ্ট বোর্ডের অনুমতি নিয়ে ফটোকপি করে বাকিদের প্রশ্নপত্র বিলি করা হয়।

**কাপাসিয়া (গাজীপুর) প্রতিনিধি ঃ** মঙ্গলবার মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম-ফাজিল পরীক্ষার আরবি সাহিত্য প্রথমপত্র পরীক্ষায় কাপাসিয়ার রাউৎকোনা ফাজিল মাদ্রাসা ও বেলাসী সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে ব্যাপক নকল ও গণটোকাটুকির ঘটনা ঘটেছে। পরীক্ষা শুরুর পরপরই রাউৎকোনা কেন্দ্রের ভেন্যু কাপাসিয়া সিনিয়র মাদ্রাসা কেন্দ্রের ভেতরে বহিরাগতদের অবাধে যাতায়াত শুরু হয়ে যায়। এ কেন্দ্রে নকল করার কারণে ৮ জনকে বহিষ্কার করা হয়েছে। তাছাড়া বেলাসী মাদ্রাসা কেন্দ্রে নকলের হাট বসেছিল। কেন্দ্রের ভেতরে ও বাইরে সমানতালে নকল সরবরাহকারীদের নকল নিয়ে দৌড়াদৌড়ি করতে দেখা যায়। এ কেন্দ্রে থেকে মঙ্গলবার ৭ জনকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে।

**পঞ্চগড় থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** পঞ্চগড়ের তুলী কলেজ কেন্দ্রে মাদ্রাসা বোর্ডের আলিম-ফাজিল পরীক্ষায় ব্যাপক নকলের চিত্র চোখে পড়েছে। কর্তব্যরত পরিদর্শকদের সামনে নকল চললেও কেউই কিছুই বলছেন না নকলকারীদের। এ কেন্দ্রে নকল প্রতিরোধে সরকারি প্রচেষ্টাও চোখে পড়েনি। তবে নকলের জন্য বিখ্যাত এ কেন্দ্রে যথারীতি সরকারি খরচে ভিডিও ধারণ করা হয়েছে।